



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপ পরিচালকের শাখা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd: ফ্যাক্স: ০২-৮১৯১০১৯



নং-৩৭.২৪.০৪.০০০০.১২৭.১৪১.১৯-০২

তারিখ: ১৪ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ
২৮ জানুয়ারী ২০২০ খ্রিষ্টাব্দ

ফেলোশিপ বিজ্ঞপ্তি

বিষয়: ২০১৯-২০ অর্থবছরে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে এম.ফিল. ও পিএইচ.ডি. কোর্সে ফেলোশিপ ও বৃত্তি প্রদানের আবেদন আহ্বান।


মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় উচ্চতর শিক্ষায় (এম.ফিল. ও পিএইচ.ডি.) ফেলোশিপ ও বৃত্তি প্রদানের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত ও নীতিমালা অনুযায়ী নির্ধারিত ফরমে নির্দেশক্রমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক) গবেষণার অধিক্ষেত্র

ক্রমিক	গবেষণার অধিক্ষেত্র
১.	সামাজিক বিজ্ঞান (Social Science)
২.	জীবন সম্পর্কিত বিজ্ঞান (Life Science)
৩.	ভৌত বিজ্ঞান (Physical Science)
৪.	সমুদ্র বিজ্ঞান (Marine Science)
৫.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (Information and Communications Technology)
৬.	টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (Sustainable Development Goals, SDGs)
৭.	কলা, মানবিক, বাণিজ্য ও আইন (Arts, Humanities, Commerce and Law)
৮.	জলবায়ু, বন ও পরিবেশ বিজ্ঞান (Climate, Forest and Environmental Science)
৯.	শিক্ষা ও উন্নয়ন (Education and Development)

খ) আবেদনের নিয়ম ও শর্তাবলি

- ২০১৯-২০ অর্থবছরে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে এম.ফিল. ও পিএইচ.ডি. কোর্সে ফেলোশিপ ও বৃত্তি প্রদান নীতিমালায় বর্ণিত শর্ত, যোগ্যতা এবং অন্যান্য বিষয়াদি অনুসরণপূর্বক গবেষককে আবেদন করতে হবে। এ সংক্রান্ত নীতিমালা/আবেদনপত্রের ফরম প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ওয়েবসাইট www.pmeat.gov.bd এ পাওয়া যাবে।
- এম.ফিল. ও পিএইচ.ডি. কোর্সে ফেলোশিপ ও বৃত্তি প্রদান নীতিমালায় বর্ণিত সকল শর্ত, যোগ্যতা এবং অন্যান্য বিষয়াদি অনুসরণপূর্বক যোগ্য প্রার্থীরা আবেদন করতে পারবেন। আবেদনপত্রের সাথে জাতীয় পরিচয়পত্রের কপি সংযুক্ত করতে হবে।
- আবেদনকারীকে সোনালী ব্যাংকের যে কোনো শাখা থেকে ৫০০ (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট 'এম.ফিল. ও পিএইচ.ডি. গবেষণা তহবিল, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের নামে বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ বরাবর প্রেরণ করতে হবে এবং ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- নীতিমালা ও শর্ত অনুযায়ী যোগ্য প্রার্থীর আবেদন বৈধ বলে বিবেচিত হবে। পূরণকৃত আবেদন ফরম এবং পে অর্ডার/ব্যাংক ড্রাফট এর কপি আগামী ০১ মার্চ ২০২০ খ্রি. তারিখ সময়ের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ বরাবর রেজিস্টার্ড ডাকযোগে বা সরাসরি পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত কোনো আবেদনপত্র বিবেচনা করা হবে না।
- প্রার্থীগণ স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের মাধ্যমে (অথবা বিভাগীয় প্রধানের মাধ্যমে) আবেদন করতে পারবেন এবং সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করবেন।
- কর্তৃপক্ষ যে কোনো সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন এবং যে কোনো ফেলোর আবেদন বিবেচনা/বাতিলের নিরঙ্কুশ ক্ষমতা সংরক্ষণ করেন।


(জান্নাতুল ফেরদৌস)

উপ পরিচালক (উপসচিব)

ফোন: ০২-৫৫০০০৪২৫

ই-মেইল: dd@pmeat.gov.bd